গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.১৩১.০১.০০.০১৭.২০১১-১২৫ তারিখঃ ০৬.০৩.২০১৪খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ''এইচআইএস এন্ড ই-হেলথ'' (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ৩য় কিস্তির অর্থ ছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ''এইচআইএস এন্ড ই-হেলথ'' (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ৩য় কিস্তি বাবদ ২১০০.৩১ লক্ষ (একুশ কোটি একত্রিশ হাজার) (রাজস্ব ব্যয় ২০০.৩১ লক্ষ+মূলধন ব্যয় ১৯০০.০০ লক্ষ) টাকার সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এইচআইএস এন্ড ই-হেলথ'' (কোড নং-৫-২৭১১-৫১৮০) শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।

০২। অপারেশনাল প্লানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক সরকারী সকল আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক এই অর্থ ব্যয় করতে হবে।

০৩। লাইন ডাইরেক্টর কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেটে নির্ধারিত সময়ের মধ্যে ব্যয়ের হিসাব, চুক্তি ও ব্যয়ের সমর্থনে অন্যান্য দলিলপত্রসহ প্রকৃত ব্যয়ের রিপোর্ট (ফিন্যানসিয়াল মনিটরিং রিপোর্ট) মন্ত্রণালয়ের এফ,এম,এ,ইউ- তে প্রেরণ নিশ্চিতকরতে হবে।

০৪। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ০৬.০৩.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.৩৭.২০১২-১১১ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে নিম্নোক্ত শর্তে জারী করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০১৪ তারিখের মধ্যে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
(গ) ছাড়কৃত অর্থের পুণর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুণর্ভরন নিশ্চিত করতে হবে।
(ঘ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.১৩১.০১.০০.০১৭.২০১১-১২৫/১(৯)　　　　তারিখঃ ০৬.০৩.২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩। লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

06/3/2014

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০৮৪.২০০৪ (৪র্থ খন্ড)-১২১ তারিখঃ ০৫ .০৩.২০১৪ খ্রিঃ

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নরসিংদী ১০০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল নির্মাণ শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৭০টি পদ জনবলসহ প্রকল্প সমাপ্তির পরদিন হতে অর্থাৎ ০১.০১.২০০৪ তারিখ হতে রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯.১০.২০১৩ তারিখের ০৫.০১৫৯.০১৫.৪৫.০০.০৩৫.২০১২-৩৭৪ সংখ্যক স্মারক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ২৪.১২.২০১৩ তারিখের ০৭.১৫৬.০১৫.০১৫.৪৫.০২.০৭.২০১৩-৭৩৩ সংখ্যক স্মারক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১১.০২.২০১৪ তারিখের ০৭. ০০.০০০০.১৬৩.৪.১৫৮.১৩-২৫ সংখ্যক স্মারকের সম্মতির প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নরসিংদী ১০০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল নির্মাণ শীর্ষক সমাপ্ত প্রকল্পের নিম্নবর্ণিত ২৪ ক্যাটাগরির মোট ৭০ (সত্তর)টি পদ জনবলসহ প্রকল্প সমাপ্তির পরদিন হতে অর্থাৎ ০১.০১.২০০৪ তারিখ হতে রাজস্বখাতে স্থানান্তরে শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। পদসমূহের বিবরণ নিম্নরূপ :

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল (জা:বে:স্কেল,২০০৯)	খসড়া নিয়োগ বিধি অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১	সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন)	০১ (এক)টি	টাঃ১৮৫০০-২৯৭০০/- (৬নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক) এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী এবং বিএমডিসি কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত হতে হবে; এবং (খ) সংশ্লিষ্ট পেশায় ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ বিএমডিসি কর্তৃক স্বীকৃত যে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী;
২	মেডিকেল অফিসার	০৭(সাত)টি	টাঃ ১১০০০-২০৩৭০/- (৯নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক) এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী এবং বিএমডিসি কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত হতে হবে; এবং (খ) কোন সরকারী হাসপাতাল অথবা সরকার অনুমোদিত বেসরকারী হাসপাতালে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকারযোগ্য।
৩	ইমারজেন্সি মেডিকেল অফিসার	০১ (এক)টি	টাঃ ১১০০০-২০৩৭০/- (৯নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক)এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী এবং বিএমডিসি কর্তৃক রেজিষ্ট্রেশনপ্রাপ্ত হতে হবে।
৪	প্যাথলজিষ্ট	০২ (দুই)টি	টাঃ ১১০০০-২০৩৭০/- (৯নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক) এমবিবিএস অথবা সমমানের ডিগ্রী এবং বিএমডিসি কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত হবে; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কোন সরকারী হাসপাতাল অথবা সরকার কর্তৃক অনুমোদিত হাসপাতালে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকারযোগ্য।
৫	হেলথ এডুকেশন অফিসার	০১(এক)টি	টাঃ ১১০০০-২০৩৭০/- (৯নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; (খ) সংশ্লিষ্ট বিষয়ে এমপিএইচ ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেয়া হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল (জা:বে:স্কেল,২০০৯)	খসড়া নিয়োগ বিধি অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
৬	সমাজ কল্যাণ কর্মকর্তা	০১ (এক)টি	টাঃ ১১০০০-২০৩৭০/- (৯নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সমাজ কল্যাণে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।
৭	সিষ্টার	০৩(তিন)টি	টাঃ ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক) সরকারী সেবা ইনষ্টিটিউট হতে ডিপ্লোমা ইন নার্সিং ডিপ্লোমা ইন মিডওয়াইফারী/সমমানের পাশসহ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিষ্ট্রেশনপ্রাপ্ত হতে হবে; এবং (খ) ০৩ (তিন) বছরের চাকরীর বাস্তব অভিজ্ঞতা।
৮	মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবরেটরি)	০২(দুই)টি	টাঃ ৬৪০০-১৪২৫৫/- (১১নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক)সরকার অনুমোদিত প্যারামেডিকেল ইনষ্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পাশ।
৯	সিনিয়র স্টাফ নার্স	০৪(চার)টি	টাঃ ৮০০০-১৬৫৪০/- (১০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক) বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে রেজিষ্ট্রেশনপ্রাপ্ত নার্সিং এ ডিপ্লোমা; (খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেয়া হবে।
১০	প্রধান সহকারী কাম-হিসাব রক্ষক	০১ (এক)টি	টাঃ ৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক)অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান/বানিজ্য স্নাতক (২য় শ্রেণী) পাশ। (খ)সংশ্লিষ্ট বিষয়ে দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১১	ক্যাশিয়ার	০১(এক)টি	টাঃ ৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক)অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান/বানিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। (খ)সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য।
১২	ওয়ার্ড মাষ্টার	০১ (এক)টি	টাঃ ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক)এইচ এস সি পাশ; (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা অগ্রাধিকার যোগ্য।
১৩	সহকারী নার্স	০৬(ছয়)টি	টাঃ ৪৯০০-১০৪৫০/- (১৫নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ এসএসসি পাশ; (খ)সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণের সনদপ্রাপ্ত।
১৪	রেকর্ড কিপার	০১ (এক)টি	টাঃ ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগে এইচ এস সি বা সমমানের পাশ।
১৫	স্টোর কিপার	০১ (এক)টি	টাঃ ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী অথবা সমমানের ডিগ্রী। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
১৬	অফিস সহকারী কাম-ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর	০২ (দুই)টি	টাঃ ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগে এইচএসসি বা সমানের পাশ। বাংলা ও ইংরেজী টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ৩০ শব্দের গতি থাকতে হবে। কম্পিউটার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল (জা:বে:স্কেল,২০০৯)	খসড়া নিয়োগ বিধি অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১৭	ড্রাইভার	০১ (এক)টি	টাঃ ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অষ্টম শ্রেণী পাশ। সরকার অনুমোদিত বৈধ হালকা যানবান চালানোর ড্রাইভিং লাইসেন্সসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
১৮	জুনিয়র মেকানিক	০২ (দুই)টি	টাঃ ৪৫০০-৯০৯৫/- (১৭নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ (ক) সরকারী ভোকেশনাল ইনষ্টিটিউট হতে সনদ প্রাপ্ত; (খ)ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।
১৯	ওয়ার্ড বয়	০৬(ছয়)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অষ্টম শ্রেণীর পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২০	আয়া	০৬ (ছয়)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অষ্টম শ্রেণীর পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২১	স্ট্রেচার বেয়ারার	০৪ (চার)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অষ্টম শ্রেণীর পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২২	অফিস সহায়ক (এম,এল,এস,এস)	১০(দশ) টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অষ্টম শ্রেণীর পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২৩	বাবুর্চি/সহকারি বাবুর্চি (কুক/মশালচী)	০৪ (চার)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অষ্টম শ্রেণীর পাশ। রান্নার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২৪	মালী	০২ (দুই)টি	টাঃ ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ অষ্টম শ্রেণী পাশসহ বাগান পরিচর্যায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

তবে শর্ত থাকে যে,

(ক) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১১.০২.২০১৪ তারিখের ০৭. ০০.০০০০.১৬৩.৪.১৫৮.১৩-২৫ সংখ্যক স্মারক অনুযায়ী উপরোক্ত ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতন স্কেল ৫ নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা কার্যকর হবে।

(খ) বিশেষ বিধিমালা জারীক্রমে রাজস্বখাতের পদে প্রকল্পের জনবল নিয়মিতকরণ করতে হবে।

(গ স্থানান্তরিত পদে নিয়মিতকরণকৃত কর্মচারী অন্তবর্তীকালীন সময়ে কর্মে নিয়োজিত থেকে এবং থোক বরাদ্দ হতে বেতন ভাতাদি পাওয়ার ক্ষেত্রে উক্ত সময়কাল কর্মকাল হিসেবে গণ্য হবে। অন্যথায় বিএসআর পার্ট-১ এর বিধি-৩০২ এর আলোকে উক্ত সময়কে অনুমোদিত বিরতিকাল হিসেবে গণ্য করা হবে এবং উক্ত সময়কালের জন্য কর্মকর্তা/কর্মচারী কোনরুপ বেতন/ভাতাদি বা আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না শুধুমাত্র চাকুরীর ধারাবাহিকতা বজায় রাখার জন্য উক্ত সময়কাল বিবেচিত হবে;

(ঘ প্রকল্পের যানবাহন ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কেন্দ্রীয় পরিবহন পূলে সমর্পণ করা না হলে অবিলম্বে তা সমর্পণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

(ঙ পদসমুহ সংরক্ষণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কি:বি:শা: কপগ-১১/২০০১- ১১১ নং সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।

০২। এ আদেশ জারীর পূর্বে এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণসহ আবশ্যিক সকল অনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

০৩। উল্লিখিত পদসমুহরে ব্যয় স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ হবে।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পাতা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০৮৪.২০০৪ (৪র্থ খন্ড)-১২১ তারিখঃ ০৫ .০৩.২০১৪ খ্রিঃ

অনুলিপি ৪(চার) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা-এর বরাবরে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা- ৬) প্রেরণ করা হলো।

স্বাঃ/-
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

নং- তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬) এর সম্মতি রয়েছে।

উপ-সচিব
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০৮৪.২০০৪ (৪র্থ খন্ড)-১২১ তারিখঃ ০৫ .০৩.২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং লাইন ডাইরেক্টর, হাসপাতাল সেবা ব্যবস্থাপনা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, প্রশাসন/ অর্থ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপ-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপ-সচিব (বাজেট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিভিল সার্জন, নরসিংদী।
১০। বিভাগীয় নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা বিভাগ।
১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নরসিংদী।
১২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১৩। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৫/৩/২০১৪
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব